**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# Request for Quotation Document (National)

## For Procurement of Goods

প্যাকেজের নামঃ ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব খাতের আওতায় ০১টি সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) এবং ০১টি বুক শেলফ ক্রয়।

প্যাকেজ নং- পিজি ০১/ ০৭(২০২৩-২৪)

কোটেশন আহ্বানপত্র নং- ৩৩.০২.৪৭৪০.৫০১.১১.০০২.২৪.০৭২ ; তারিখ-১৪ মার্চ ২০২৪খ্রি.

কোটেশন ইস্যুর তারিখঃ ১৪ মার্চ ২০২৪খ্রি.

---

**সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়**

**দিঘলিয়া, খুলনা।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা।
www.fisheries.digholia.khulna.gov.bd

কোটেশন বিজ্ঞপ্তি নং-৩৩.০২.৪৭৪০.৫০১.১১.০০২.২৪.০৭২ তারিখ- ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গা. / ১৪ মার্চ ২০২৪খ্রি.

**কোটেশন বিজ্ঞপ্তি**

প্যাকেজের নামঃ ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব খাতের আওতায় ০১টি সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) এবং ০১টি বুক শেলফ ক্রয়।
প্যাকেজ নং- পিজি ০১/ ০৭(২০২৩-২৪)

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব অর্থায়নে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ব্যবহারের লক্ষ্যে ০১টি সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) এবং ০১টি বুক শেলফ ক্রয়ের নিমিত্ত নিম্নোক্ত শর্তে নির্ধারিত স্পেশিফিকেশন মোতাবেক প্রকৃত আসবাবপত্র প্রস্তুতকারী/ সরবরাহকারী/ ব্যবসায়ীর এর নিকট হতে নিজস্ব প্যাডে সিলগালাকৃত খামে কোটেশন আহব্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | কাজের নাম | আসবাবপত্রের নাম ও সংখ্যা | স্পেসিফিকেশন | কোটেশন প্রাপ্তি ও জমাদানের স্থান | কোটেশন সংগ্রহ ও জমাদানের তারিখ | মালামাল সরবরাহের তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০১টি সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) এবং ০১টি বুক শেলফ ক্রয়ে | সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) সংখ্যাঃ ০১টি | উপকরণ: কাঠ<br>পরিমাপ: ৬’ (দৈর্ঘ্য) X ৫.৫’ (প্রস্থ) X ২.৫’ (উচ্চতা) (ফুট) (সাইড টেবিল সহ)<br>ব্রান্ড: বাজারে প্রচলিত কোন ভাল ব্রান্ডের পণ্য হতে হবে এবং গুণগত মানসম্পন্ন হতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, দিঘলিয়া, খুলনা। (অফিস, নোটিশবোর্ড ও ওয়েবসাইট) | ১৪/০৩/২০২৪ খ্রি. হতে ১৯/০৩/২০২৩ খ্রি. পর্যন্ত (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে) কোটেশন সংগ্রহ করা যাবে এবং ২০/০৩/২০২৪খ্রি. বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত দর দাখিল করা যাবে। | ২৪/০৩/২০২৪ খ্রি. স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, দিঘলিয়া, খুলনা। |
| | | বুক শেলফ সংখ্যাঃ ০১টি | উপকরণ: লেমিনেটেড বোর্ড<br>পরিমাপ: ৪’ (দৈর্ঘ্য) X ১.৫’ (প্রস্থ) X ৬’ (উচ্চতা) (ফুট) (সাইড টেবিল সহ)<br>ব্রান্ড: বাজারে প্রচলিত কোন ভাল ব্রান্ডের পণ্য হতে হবে এবং গুণগত মানসম্পন্ন হতে হবে। | | | |

**<u>কোটেশনের শর্তাবলীঃ</u>**

১. কোটেশন দাতাকে সরবরাহকৃত শিডিউল মোতাবেক নির্ধারিত মালামাল (স্পেফিফিকেশন অনুযায়ী) এর একক ও মোট দর উল্লেখপূর্বক নিজস্ব প্যাডে নির্ধারিত ফরমেটে দর দাখিল করতে হবে। মোট দর স্পষ্টভাবে অংকে ও কথায় উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি/ঘষামাজ/ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না। দরদাতা দর উল্লেখের ক্ষেত্রে প্রতিটি পণ্যের ব্রান্ড ও মডেল নম্বর উল্লেখ করবেন।

২. কোটেশন আগামী ১৯/০৩/২০২৪ খ্রি. পর্যন্ত (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে) নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সংগ্রহ করা যাবে এবং একই স্থানে ২০/০৩/২০২৪খ্রি. বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত দর দাখিল করা যাবে। প্রাপ্ত কোটেশনসমূহ ২০/০৩/২০২৪খ্রি. বেলা ১১:৩০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত কোটেশন দাতাগণের সম্মুখে (যদি থাকে) খোলা ও যাচাই-বাছাই করা হবে।

৩. সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে। সম্পাদিত কাজের মূল্য বাংলাদেশী টাকায় পরিশোধ করা হবে। কোটেশন গৃহীত হলে দরদাতা যে দরহার প্রদান করবেন তা কার্য সম্পাদনের সময় বলবৎ থাকবে।

৪. কার্যাদেশ প্রাপ্তির পর কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল করা হবে।

৫. সরবরাহকৃত মালামাল অবশ্যই অক্ষত ও গুণগত মানসম্পন্ন হতে হবে। কোন প্রকার ভাঙ্গা বা দাগ থাকলে দরপত্র আহ্বানকারী উক্ত মালামাল গ্রহণে বাধ্য থাকবেন না। সরবরাহকৃত মালামাল অবশ্য কোটেশনে উল্লিখিত ব্যান্ড ও মডেল নম্বরের সাথে মিল থাকতে হবে।

চলমান পাতা-০২

৬. দরপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবেঃ

ক) ২০২৩-২৪ অর্থবছরের হালনাগাদকৃত ট্রেড-লাইসেন্স

খ) হালনাগাদ আয়কর সনদ/টিআইএন সার্টিফিকেট

গ) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ (যদি থাকে)

ঘ) ব্যাংক সলভেন্সি সনদ

৭. সরবরাহকারীকে নিজ খরচে বর্ণিত মালামাল বর্ণিত স্থানে পৌছে দিতে হবে এবং এর জন্য আলাদা কোন পরিবহন খরচ প্রদান করা হবে না। মালামাল সরবরাহ শেষে দাখিলকৃত বিল হতে বিধি মোতাবেক ভ্যাট, আইটি ও অন্যান্য সরকারী কর্তন (যদি থাকে) শেষে বিল প্রদান করা হবে।

৮. এই কোটেশনের মেয়াদ আহ্বানের তারিখ হতে ০৩ মাস (৯০ দিন) হবে এবং উক্ত সময়ের মধ্যে একই কোডে বরাদ্দ পাওয় গেলে এই কোটেশনের মাধ্যমে তা ক্রয় করা যাবে।

(মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
পরিচিতি নং-০০০৫৩৮
মোবাইল নম্বরঃ ০১৭৬৯-৪৫৯৪৫২
ই-মেইলঃ sufodigholia@gmail.com

প্রাপক,

……………………..

……………………..

…………………………

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।

২। জেলা মৎস্য অফিসার, খুলনা।

৩। উপজেলা..............................অফিসার/প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)

৪। উপজেলা কৃষি/প্রাণিসম্পদ/পল্লী উন্নয়ন/সমবায় কর্মকর্তা, এবং সদস্য, ক্রয় কমিটি, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, দিঘলিয়া, খুলনা। (নির্ধারিত দিনে মূল্যায়ণ সভায় অংশগ্রহণের অনুরোধসহ)

৫। সহকারী মৎস্য অফিসার ও সভাপতি, ক্রয় কমিটি, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, দিঘলিয়া, খুলনা। (নির্ধারিত দিনে মূল্যায়ণ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৬। অফিস কপি।

**আবশ্যিক পণ্যের কারিগরি বিনির্দেশ**

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ এবং মান | উৎস্য দেশের নাম | প্রস্তুতকারক এবং মডেল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ক) | সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) সংখ্যাঃ ০১টি | উপকরণ: কাঠ<br>পরিমাপ: ৬’ (দৈর্ঘ্য) X ৫.৫’ (প্রস্থ) X ২.৫’ (উচ্চতা) (ফুট) (সাইড টেবিল সহ)<br>ব্রান্ড: বাজারে প্রচলিত কোন ভাল ব্রান্ডের পণ্য হতে হবে এবং গুণগত মানসম্পন্ন হতে হবে। | বাংলাদেশ | বাজারে প্রচলিত কোন ভাল ব্রান্ডের পণ্য হতে হবে |
| | খ) | বুক শেলফ<br>সংখ্যাঃ ০১টি | উপকরণ: লেমিনেটেড বোর্ড<br>পরিমাপ: ৪’ (দৈর্ঘ্য) X ১.৫’ (প্রস্থ) X ৬’ (উচ্চতা) (ফুট) (সাইড টেবিল সহ)<br>ব্রান্ড: বাজারে প্রচলিত কোন ভাল ব্রান্ডের পণ্য হতে হবে এবং গুণগত মানসম্পন্ন হতে হবে। | বাংলাদেশ | বাজারে প্রচলিত কোন ভাল ব্রান্ডের পণ্য হতে হবে |

আমি/আমরা ঘোষণাকরিতেছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উল্লিখিত কারিগরি বিনির্দেশ ও মান অনুযায়ী সরবরাহ করিব।

| | |
|---|---|
| **সিলসহ দরপত্র দাতার স্বাক্ষর** | তারিখ:……/……/………..(দিন/মাস/বৎসর) |
| **দরপত্রদাতার নামঃ** | |

টীকা:

১। কলম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলম ৫ ও ৬ দরপত্রদাতা পূরণ করিবে।

২। বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করিবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ ও প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক ও স্পষ্ট বিনির্দেশ হইল কোটেশনের পূর্বশর্ত । প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করিতে হইবে এবং একইসঙ্গে ক্রয়তব্যপণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবংকার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করিতে হইবে। বিনির্দেশে উল্লিখিত পণ্যে অন্তর্ভুক্ত সকল আইটেম, দ্রব্যাদি ও আনুষঙ্গিক উপকরণ অবশ্যই নূতন, অব্যবহৃত ও সাম্প্রতিকতম বা চলতি মডেলের হইতে হইবে এবং নকশা ও পণ্যে সকল সাম্প্রতিক উৎকর্ষ সন্নিবেশিত হইবে।

৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরি বিনির্দেশ (পূর্ণাঙ্গাবিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে, যাহা এই দলিলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্রদাতা প্রস্তাবিত পণ্যের প্রস্তুতকারক ও মডেল (যাহা প্রযোজ্য) উল্লেখ করিবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল মুদ্রিত বিবরণ (Brochures) (সহজে পাওয়া না গেলে অনুলিপি) সংযুক্তকরিবে।

## কোটেশন দাখিলের নমুনা

[কোটেশন দাখিলকারীর নিজস্ব প্যাড]

স্মারক নং- তারিখ-

কোটেশন দাখিলপত্র

প্রতি,
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
দিঘলিয়া, খুলনা।

বিষয়ঃ আমি নিম্নস্বাক্ষরকারী কোটেশনের শর্তানুযায়ী ০১টি সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) এবং ০১টি বুক শেলফ সরবরাহের জন্য প্রস্তাব করছি।

সূত্রঃ আপনার দপ্তরের কোটেশন বিজ্ঞপ্তি নং- ৩৩.০২.৪৭৪০.৫০১.১১.০০২.২৪.০৭২; তারিখ-১৪ মার্চ ২০২৪খ্রি., প্যাকেজ নং- পিজি ০১/ ০৭(২০২৩-২৪)

আমার কোটেশনে ০১টি সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) এবং ০১টি বুক শেলফের মোট মূল্যঃ ........../-
(কথায়.................. টাকা মাত্র)

আমি ১৪/০৩/২০২৪ খ্রি. তারিখে আপনাদের জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

যদি চুক্তি সম্পাদিত হয়, তাহা হইলে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বতোভাবে সরবরাহের পরিবহণ খরচ, সবধরনের কর ও ভ্যাট প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকিবে।

পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ | সরবরাহতব্য পণ্যের ব্রান্ডের নাম ও মডেল নম্বর | আইটেম অনুযায়ী একক দর | আইটেম অনুযায়ী মোট দর | সর্বমোট সরবরাহতব্য পণ্যসমূহের মোট দর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | ক) | সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) সংখ্যাঃ ০১টি | উপকরণ: কাঠ<br>পরিমাপ: ৬’ (দৈর্ঘ্য) X ৫.৫’ (প্রস্থ) X ২.৫’ (উচ্চতা) (ফুট) (সাইড টেবিল সহ) | ব্রান্ডের নামঃ<br>মডেল নম্বরঃ | | | |
| | খ) | বুক শেলফ সংখ্যাঃ ০১টি | উপকরণ: লেমিনেটেড বোর্ড<br>পরিমাপ: ৪’ (দৈর্ঘ্য) X ১.৫’ (প্রস্থ) X ৬’ (উচ্চতা) (ফুট) (সাইড টেবিল সহ) | ব্রান্ডের নামঃ<br>মডেল নম্বরঃ | | | |

০১টি সেক্রেটারিয়েট টেবিল (সাইড টেবিলসহ) এবং ০১টি বুক শেলফের মোট দর কথায়= (..................................................)

অতএব, আমাকে কার্যাদেশ প্রদানে সদয় মর্জি হয়।

(সরবরাহকারীর স্বাক্ষর ও সীল)